৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 AUG 1994
পৃষ্ঠা ১২ কলাম ৩

## শিক্ষামন্ত্রীর সহিত শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দের বৈঠক

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমদের নেতৃত্বে ফেডারেশনের একটি প্রতিনিধি-দল গতকাল বুধবার শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারের সহিত বৈঠকে মিলিত হন।

নেতৃবৃন্দ চলতি অর্থ বছর হইতে বেসরকারী শিক্ষকদের বেতন অনুদানকে "বেতন-ভাতার সরকারী অংশ" আখ্যায়িত করার জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বর্তমান গণতান্ত্রিক সরকারকে ধন্যবাদ জানান। তাহারা ২৮৫০টি স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানকে উক্ত বেতন-ভাতার সরকারী অংশ প্রদানের জন্যও সরকারকে ধন্যবাদ জানান।

বৈঠকে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে ফেডারেশনের ১৫ দফা দাবী লইয়া আলোচনা করা হয় এবং নেতৃবৃন্দ বেসরকারী শিক্ষকদের সমস্যা সমাধানে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী তাহাদের দাবী ধৈর্যসহকারে শুনেন এবং শিক্ষার মান উন্নয়নে তাহাদেরকে আগাইয়া আসার আহ্বান জানান।

### পলিটেকনিক শিক্ষক পরিষদ নেতৃবৃন্দের

দেশের পলিটেকনিক ইনষ্টিটিউটগুলিতে আরও বেশী ছাত্র-ছাত্রী ভর্তি করার লক্ষ্যে ডবল শিফট চালুর বিষয় সরকারের সক্রিয় বিবেচনাধীন রহিয়াছে।

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার গতকাল মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদ নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে একথা বলেন।

বৈঠকে পলিটেকনিক শিক্ষকদের চাকুরী কাঠামো আধুনিকীকরণ, কারিগরি শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণ, সাধারণ শিক্ষা ও কারিগরি শিক্ষার মধ্যে সমন্বয় সাধন, শিক্ষক নিয়োগ ও পদোন্নতি এবং পাঠ্যক্রম ও পরীক্ষা পদ্ধতির সংস্কারসহ পরিষদের ১১ দফা দাবী লইয়া বিস্তারিত আলোচনা করা হয়।

বৈঠকে পলিটেকনিক শিক্ষকদের চাকুরী কাঠামো পুনর্গঠনের জন্য একটি কমিটি গঠনেরও সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় উচ্চ শিক্ষিত শিক্ষকদের জন্য ইনক্রিমেন্ট প্রদানের উপর জোর দেওয়া হয়। —তথ্য বিবরণী